# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ “কুরআন থেকে যা তোমাদের জন্য সহজ হয়, তা তোমরা পাঠ করো” মহান আল্লাহর এই বাণীর দ্বারা উদ্দেশ্য হলো সূরাতুল ফাতিহা। কেননা আল্লাহ তা‘আলা পবিত্র কুরআনে যা অবতীর্ণ করেছেন, তার ব্যাখ্যা করার দায়িত্ব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রদান করেছেন

ذكر البيان بأن قوله جل وعلا {فاقرؤوا مَا تَيَسَّرَ مِنْهُ} أَرَادَ بِهِ فَاتِحَةَ الْكِتَابِ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا وَلَّى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيَانَ مَا أَنْزَلَ في كتابه

আরবী

1779 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنِ الزُّهْرِيِّ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا صَلَاةَ لمن لا يقرأ بفاتحة الكتاب)

الراوي : عُبَادَة بْن الصَّامِتِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1779 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (302)، ((صحيح أبي داود)) (780): ق، ويأتي بزيادة لفظة (1783).

বাংলা

১৭৭৯. উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ঐ ব্যক্তির সালাত নেই, যে ব্যক্তি সালাতে সূরা ফাতিহা পাঠ করে নাই।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৬০; সহীহ মুসলিম: ৩৯৪; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৭৫; হুমাইদী: ৩৮৬; মসুনাদ আহমাদ: ৫/৩১৪; আবূ দাউদ: ৮২২; নাসাঈ: ২/১৩৭; ইবনু মাজাহ: ৮৩৭; দারাকুতনী: ১/৩২১; ইবনুল জারূদ: ১৮৫; আবূ আওয়ানা: ২/১২৪; সুনান বাইহাকী: ২/৩৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৭৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৮৮; দারেমী: ১/২৮৩; তাবারানী আস সাগীর: ১/৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন